

**ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর ডিসেম্বর ৩১, ২০১২ ভিত্তিক হালনাগাদ বিবরণী।**

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের Financial Inclusion বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছে। উক্ত সার্কুলারের প্রেক্ষিতে ব্যাংকসমূহ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করেছে এবং স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ব্যাংকসমূহ ইতোমধ্যে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন স্কীম চালু করেছে। নিম্নে ছকে জুন ৩০, ২০১২ ভিত্তিক এবং ডিসেম্বর ৩১, ২০১২ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্যাদি বিস্তারিত ভাবে উল্লেখ করা হলো :

ব্যাংকসমূহ	জুন ৩০, ২০১২ ভিত্তিক হিসাব সংখ্যা	ডিসেম্বর ৩১, ২০১২ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি	জুন ৩০, ২০১২ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	ডিসেম্বর ৩১, ২০১২ স্থিতি (কোটি টাকায়)	স্থিতি (কোটি টাকায়) হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক(০৪টি)	২১৫	১,৯৬১	১,৭৪৬	০.০৮	০.১৯	০.১১
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	১,২৫৩	১,৭৮১	৫২৮	০.২২	০.৩১	০.০৯
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	৬৫,৪২৮	১,২৮,৪২১	৬২,৯৯৩	৫২.৩৭	৯৪.৯৩	৪২.৫৬
বিদেশী ব্যাংক(০৯টি)	৩২৪	৩৭৪	৫০	০.৫১	১.০৮	০.৫৭
সর্বমোট(৪৭টি ব্যাংক)	৬৭,২২০	১,৩২,৫৩৭	৬৫,৩১৭	৫৩.১৮	৯৬.৫১	৪৩.৩৩

উল্লেখ্য, স্কুল ব্যাংকিং এর আওতায় জুন ৩০, ২০১২ তারিখে ৪৫টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল ০.৬৭ লক্ষ এবং হিসাবের বিপরীতে মোট জমার স্থিতি ছিল টাকা ৫৩.১৮ কোটি (তিপ্পান্ন কোটি আঠারো লক্ষ টাকা)। অন্যদিকে, ডিসেম্বর ৩১, ২০১২ তারিখে ৪৫টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১.৩৩ লক্ষ এবং হিসাবের বিপরীতে মোট জমার স্থিতি ৪৩.৩৩ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ৯৬.৫১কোটি (ছিয়ানব্বই কোটি একান্ন লক্ষ টাকা) টাকায় দাঁড়িয়েছে। এছাড়া, ডিসেম্বর ৩১, ২০১২ অনুযায়ী ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং এর বিভিন্ন স্কীমের আওতায় প্রতি হিসাবের বিপরীতে গড় স্থিতি প্রায় টাকা ৭২৮২/-।

-----